

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 19-11-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) ৰাজ্য সরকার নড়সিংগড়স্থিত টি.আই.টি-কে ত্ৰিপুৰা সরকারী কাৰিগৰী বিশ্ববিদ্যালয় এবং আগৰতলাৰ মহিলা মহাবিদ্যালয়কে ত্ৰিপুৰা সরকারী মহিলা বিশ্ববিদ্যালয়ে উল্লীত কৰাৰ সিদ্ধান্ত নিয়েছে।
- (২) শিল্প ও বানিজ্য মন্ত্ৰী সাহুনা চাকমা বলেছেন, আত্মনিৰ্ভৰ ত্ৰিপুৰা গড়ৰ ক্ষেত্ৰে প্ৰাকৃতিক বাৰাৰ চাষ এক গুৰুত্বপূৰ্ণ ভূমিকা নিতে পাৰে।
- (৩) প্ৰধানমন্ত্ৰী নৰেন্দ্ৰ মোদী আজ পিএম-কিষাণ প্ৰকল্পেৰ ১৮ হাজাৰ কোটি টাকাৰ ২১তম কিস্তি প্ৰদান কৰেছেন।
- (৪) কোচবিহাৰ ট্ৰফি অনুৰ্ধ্ব ১৯ বছৰেৰ ক্ৰিকেটেৰ চাৰদিনেৰ খেলায় হৰিয়ানাৰ বিৰুদ্ধে লিড নিয়ে ত্ৰিপুৰা ড্ৰ কৰেছে।

Cabinet-Sushanta Chowdhury :

ৰাজ্য সরকার নড়সিংগড়স্থিত টি.আই.টি-কে ত্ৰিপুৰা সরকারী কাৰিগৰী বিশ্ববিদ্যালয় আগৰতলাৰ মহিলা মহাবিদ্যালয়কে ত্ৰিপুৰা সরকারী মহিলা বিশ্ববিদ্যালয়ে উল্লীত কৰাৰ সিদ্ধান্ত নিয়েছে। গতকাল ৰাজ্য মন্ত্ৰীসভাৰ বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পৰ্যটন মন্ত্ৰী সুশান্ত চৌধুৰী আজ সচিবালয়ে সাংবাদিক সন্মেলনে এখবৰ জানান। তিনি জানান, মন্ত্ৰীসভাৰ বৈঠকে সমবায় দপ্তৰেৰ অধীনে জে.আৰ.বি.টি-ৰ মাধ্যমে স্থিৰ বেতনে অডিটৰ, ইনভেস্টিগেটৰ, স্ট্যাটিসটিক্যাল ইনভেস্টিগেটৰেৰ ৯৭টি শূন্যপদ, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তৰেৰ অধীনে আইসিডিএস প্ৰকল্পে ২৮টি সুপাৰভাইজাৰ পদ, নগৰ উন্নয়ন দপ্তৰেৰ অধীনে ১৪টি পদ সৃষ্টি ও পূৰণেৰ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তাছাড়া ফিল্ম এবং টেলিভিশন ইনস্টিটিউটে ৮ জন ফ্যাকাৰ্ণ্টি মেম্বাৰ এবং সহকাৰী স্টাফ নিয়োগ, ১১৯টি নতুন

অঙ্গনওয়াড়ি কেন্দ্র খোলা এবং সেই অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিতে প্রয়োজনীয় কর্মী নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মন্ত্রী আরো জানান, অবসরপ্রাপ্ত সাংবাদিকদের পেনশনের অর্থরাশি বৃদ্ধি করার বিষয়ে রাজ্য সরকার শীঘ্রই সিদ্ধান্ত নেবে।

Rubber Board-M-Rube :

শিল্প ও বানিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা বলেছেন, আত্মনির্ভর ত্রিপুরা গড়ার ক্ষেত্রে প্রাকৃতিক রাবার চাষ এক গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারে। আজ আগরতলার প্রজ্ঞাভবনে রাবার বোর্ড আয়োজিত এম-রুবে পারফর্মার এওয়ার্ড-২০২৫ প্রদান অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, গ্রামীণ ত্রিপুরার আর্থ সামাজিক মানোন্নয়নে রাজ্য সরকার রাবার উৎপাদনে অগ্রাধিকার দিচ্ছে।

গুণগত মানসম্পন্ন রাবার উৎপাদন, এর বানিজ্যিক ব্যবহার ও শিল্পে ব্যবহারযোগ্য করে তুলতে কেন্দ্রীয় ও রাজ্য সরকার যৌথ প্রয়াস নিয়েছে। শিল্পমন্ত্রী বলেন, মুখ্যমন্ত্রী রাবার মিশনের আওতায় গত এক বছরে রাজ্যে প্রায় ৭০ হাজার হেক্টর জমি রাবার চাষের আওতায় আনা হয়েছে। এই প্রকল্পে পাঁচ বছরে ৩০ হাজার নতুন রাবার বাগান করার পরিকল্পনা রয়েছে। ইতিমধ্যে দক্ষিণ ত্রিপুরার শান্তিরবাজারে দেশের তৃতীয় এবং রাজ্যের দ্বিতীয় রাবার পার্ক গড়ে তোলা হয়েছে।

অনুষ্ঠানে রাবার বোর্ডের নির্বাহী অধিকর্তা এম. বসন্তগেসান বলেন, রাবার উৎপাদনের বিভিন্ন সমস্যা ও চ্যালেঞ্জ মোকাবিলায় কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকার রাবার উৎপাদনকারীদের সাহায্যে এগিয়ে এসেছে। তিনি বলেন, রাবার চাষের এলাকার আয়তন ও উৎপাদনের ভিত্তিতে কেরালার পরে দ্বিতীয় বৃহত্তম রাজ্য-ত্রিপুরা। অনুষ্ঠানে শিল্প বানিজ্য সচিব কিরণ গিত্যে বলেন, রাবার চাষ ত্রিপুরার অর্থ নীতির অন্যতম মেরুদণ্ড। বহু পরিবার এর সঙ্গে জড়িত। অনলাইন প্ল্যাটফর্ম এমরুবের মাধ্যমে রাবার

বেচাকেনায় করা রাবার উৎপাদনে শ্রেষ্ঠত্বের নিরিখে আজ ছয়টি ক্যাটাগরিতে পুরস্কার প্রদান করা হয়।

Review Meeting ARDD Dept :

প্রাণী সম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাসের পৌরহিত্যে আজ আগরতলায় এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে রাজ্যে ডিম, দুধ, মাংস উৎপাদন বৃদ্ধি করা ও পশু পাখিদের সুরক্ষা ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। তাছাড়া চলতি অর্থবছরে প্রাণী সম্পদ বিকাশ দপ্তরে গৃহিত বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন নিয়েও বৈঠকে পর্যালোচনা করা হয়। উপস্থিত ছিলেন প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের সচিব দীপা ডি নায়ার, দপ্তরের অধিকর্তা নীরজ কুমার চঞ্চল প্রমুখ।

MPLAD Meeting :

সাংসদ রাজীব ভট্টাচার্যের পৌরহিত্যে আজ পশ্চিম ত্রিপুরা জেলা শাসকের কনফারেন্স হলে সাংসদ এলাকা উন্নয়ন প্রকল্প নিয়ে একটি পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডাঃ বিশাল কুমার ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। বৈঠকে পশ্চিম ত্রিপুরা লোকসভা আসন এলাকায় বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের কাজের অগ্রগতি নিয়ে পর্যালোচনা করা হয়।

PAWL-KUT Festival :

উনকোটি জেলার কুমারঘাটের দারচৈ ADC ভিলেজের মাঠে আজ দারলং জনজাতি সম্প্রদায়ের ঐতিহ্যবাহী পাউল কুট উৎসব অনুষ্ঠিত হয়। সামাজিক সংগঠন "দারলং জৈউন্সথক ইনপুই বা D.Z.I এবং রাজ্য সরকারের তথ্য ও সংস্কৃতি দপ্তর যৌথভাবে এই উৎসবের আয়োজন করেছে। উদ্বোধন করেন D.Z.I সংগঠনের সভাপতি থামুয়ানা দারলং।

জুমের ফসল ঘরে তোলার পর যে আনন্দ ও উচ্ছাস হয়, তাকে ঘিরেই এই উৎসবের আয়োজন। উৎসব উপলক্ষ্যে ১২টি প্রদর্শনী মন্ডপ খোলা হয়েছে। এখানে দারলং জনগোষ্ঠীর চিরাচরিত আবাসগৃহ এর সংস্করণ, তাদের ব্যবহৃত পোশাক-পরিচ্ছদ, শিকারের উপকরণ সহ ঐতিহ্যপূর্ণ কৃষ্টি ও সংস্কৃতিগত ভাবধারা মেলে ধরা হয়েছে। তাছাড়া দলগত ও একক সংগীত ও নৃত্যকলা পরিবেশিত হয়।

Congress :

প্রদেশ কংগ্রেসের উদ্যোগে আজ আগরতলার প্রদেশ কংগ্রেস ভবনে প্রাক্তন প্রধানমন্ত্রী প্রয়াত ইন্দিরা গান্ধীর জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়। উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা, বিধায়ক গোপাল রায়, প্রদেশ কংগ্রেস মুখপাত্র প্রবীর চক্রবর্তী সহ অন্যান্য নেতৃবৃন্দ। ইন্দিরা গান্ধীর জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন প্রদেশ কংগ্রেস সভাপতি। পরে গান্ধীঘাটে গিয়ে নেতৃবৃন্দ ইন্দিরা গান্ধীর শহীদ বেদীতে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

PM, Coimbatore :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ তামিলনাড়ুর কোয়েম্বাটোরে পিএম-কিশাণ প্রকল্পের ১৮ হাজার কোটি টাকার ২১তম কিস্তি প্রদান করেছেন। এরফলে সারা দেশের নয় কোটি কৃষক উপকৃত হবেন। প্রধানমন্ত্রী আজ কোয়েম্বাটোরের কোডিসিয়া ট্রেড ফেয়ার কমপ্লেক্সে দক্ষিণ ভারত প্রাকৃতিক কৃষি সম্মেলন ২০২৫ এর উদ্বোধন করেন। অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে শ্রী মোদী বলেন, গত ১১ বছরে কৃষিক্ষেত্রে রূপান্তরমূলক সংস্কার সাধিত হয়েছে।

BYTE-PM

তিনি বলেন, কিশাণ ক্রেডিট কার্ডের মাধ্যমে কৃষকদের ১০ লক্ষ কোটি টাকারও বেশি সহায়তা প্রদান করা হয়েছে। তিনি বলেন, জৈব সারের উপর জিএসটি হ্রাস কৃষকদের উল্লেখযোগ্যভাবে সাহায্য করেছে। প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে দেশের যুবসমাজ এখন কৃষিকে একটি আধুনিক এবং বিস্তৃত সুযোগ হিসেবে দেখছে। তিনি বলেন যে উন্নত ভারতের জন্য একটি ভবিষ্যৎমুখী কৃষি ব্যবস্থা তৈরির জন্য সম্মিলিত প্রচেষ্টা প্রয়োজন।

অনুষ্ঠানে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ডঃ এল. মুরুগান বক্তব্য রাখেন। প্রধানমন্ত্রী কৃষকদের সঙ্গে মতবিনিময় করেন। তিনি পাঁচজন বিশিষ্ট প্রাকৃতিক কৃষি বিশেষজ্ঞকে সম্মাননা জানান। প্রদর্শনীতে জৈব পণ্য, প্রাকৃতিক কৃষি উদ্ভাবন এবং সর্বোত্তম অনুশীলনগুলি প্রদর্শিত হয়। স্থাপিত বেশ কয়েকটি স্টল পরিদর্শন করেন। প্রধানমন্ত্রী আজ সকালে অন্ধ্রপ্রদেশের পুট্টাপার্থীতে ভগবান শ্রী সত্য সাই বাবার শতবর্ষ উদযাপনে অংশগ্রহণ করেন। এ উপলক্ষে, তিনি মুখ্যমন্ত্রী এন. চন্দ্রবাবু নাইডুর সঙ্গে ভগবান শ্রী সত্য সাই বাবার জীবন, শিক্ষা এবং চিরন্তন উত্তরাধিকারকে সম্মান জানিয়ে একটি বিশেষ ১০০ টাকার স্মারক মুদ্রা এবং বিশেষ ডাকটিকিট প্রকাশ করেছেন। সেখানে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, গত ১১ বছরে ১০০ কোটি নাগরিককে সামাজিক সুরক্ষা প্রকল্পের আওতায় আনা হয়েছে।

PM KISHAN-Gomati :

প্রধানমন্ত্রী কৃষক সম্মান নিধি প্রকল্পের ২১তম কিস্তি হিসেবে আজ গোমতি জেলার ৩২ হাজার ৯৫৫ জন কৃষকের ব্যাংক একাউন্টে ৬ কোটি ৫৯ লক্ষ ১০ হাজার টাকা আজ দেওয়া হয়েছে।

Fisheries Day :

বিশ্ব মৎস্য দিবস ২০২৫ এই মাসের ২১ তারিখে নতুনদিল্লির সুষমা স্বরাজ ভবনে পালিত হবে। এই বছরের প্রতিপাদ্য হল ভারতের নীল রূপান্তর: সামুদ্রিক খাবার রপ্তানিতে মূল্য সংযোজন জোরদার করা। মৎস্য, পশুপালন ও দুগ্ধ মন্ত্রক জানিয়েছে যে এই অনুষ্ঠানে প্রায় ২৭টি দেশের প্রতিনিধিরা এই অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন, যা নীল অর্থনীতিতে দেশের ক্রমবর্ধমান বৈশ্বিক অংশীদারিত্বের উপর জোর দেবে।

Minister Kishor Barman-Sonamura :

উচ্চশিক্ষা দপ্তরের মন্ত্রী কিশোর বর্মনের পৌরহিত্যে আজ সোনামুড়ার বটতলির ঐতিহ্যবাহী পৌষ সংক্রান্তি মেলা ও অদ্বৈত মল্লবর্মণ মেলা ২০২৬-এর প্রথম প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন বিধায়ক রামপদ জমাতিয়া, নলছড় পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন স্বপন কুমার দাস প্রমুখ।

Pulin Debbarma :

আজ আগরতলায় সুকান্ত একাডেমিতে শুরু হয়েছে তিন দিনের সতেরতম পুলিন দেববর্মা মেমোরিয়াল অল ত্রিপুরা মিউজিক সম্মেলন। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উচ্চ শিক্ষা দপ্তরের অধিকর্তা অনিমেষ দেববর্মা, শচীন দেববর্মা মেমোরিয়াল সরকারি মিউজিক কলেজের ভারপ্রাপ্ত অধ্যাপিকা ডঃ মনিকা দাস প্রমুখ। ডঃ দাস জানান, তিন দিনের সম্মেলনে রাজ্যের ৩৮০ জন শিল্পী গান, নাচ সহ বিভিন্ন সাংস্কৃতিক কর্মসূচীতে

অংশ নেবেন। সম্মেলনে আগামীকাল যোগ দেবেন দিল্লির বিশিষ্ট শাস্ত্রীয় সংগীত শিল্পী উমা গারগ।

Cooch Behar Trophy :

কোচবিহার ট্রফি অনুর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় হরিয়ানার বিরুদ্ধে লিড নিয়ে ত্রিপুরা ড্র করেছে। ফলে এই ম্যাচ থেকে ত্রিপুরা তিন ও হরিয়ানা এক পয়েন্ট পেয়েছে। এম বি বি স্টেডিয়ামে আজ চতুর্থ তথা শেষ দিনে বিনা উইকেটে ২৮ রান থেকে খেলতে নেমে রাজ্যদল দ্বিতীয় ইনিংসে দিনের শেষে ৬ উইকেট হারিয়ে ২৬৫ রান সংগ্রহ করে। দলের পক্ষে দেবাংশু দত্ত অপরাজিত ১৪৪ রান করে। এর আগে হরিয়ানার প্রথম ইনিংসের ১৭২ রানের জবাবে রাজ্যদল প্রথম ইনিংসে ১৯৫ রান করেছিল। পিছিয়ে থেকে হরিয়ানা দ্বিতীয় ইনিংসে ৭ উইকেটে ৩৮১ রানে সমাপ্তির ঘোষণা দেয়।

Women's Football :

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত মহিলাদের ঘরোয়া ফুটবলের সুপার লিগের খেলা আজ থেকে শুরু হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে আসরের প্রথম ম্যাচে ত্রিপুরা স্পোর্টস স্কুল ১-০ গোলে বিশ্রামগঞ্জ প্লে সেন্টারকে পরাজিত করে। পরে একই মাঠে ত্রিপুরা পুলিশ ও জম্পুইজলা প্লে সেন্টারের অপর খেলাটি গোলশূন্য ড্র হয়।

Weather :

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা থেকে মাঝারি কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াসের

কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭.৪ ডিগ্রি সেলসিয়াস।
